Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
জেলাঃ নাটোর।
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.৬৯০০.০০০.৯৯.০১৩.২১-২০০৫ তারিখঃ ১১/০৯/২০২৩ইং।

## "নোটিশ"

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের ১.৩ কার্যক্রম অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (Stakeholders) অংশ গ্রহণে সভা আগামী ১৪-০৯-২০২৩ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচীঃ-
১। ১.৩ কার্যক্রম অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (Stakeholders) অংশ গ্রহণে আলোচনা।
২। বিবিধ|

(মোহাঃ শহিদুল ইসলাম)
নির্বাহী প্রকৌশলী
এলজিইডি, নাটোর।
মোবাইল নং-০১৭০৮-১২৩২২২
E-mail- xen.natore@lged.gov.bd

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৩। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, এলজিইডি, অত্র দপ্তর।
৪। উপজেলা প্রকৌশলী, উপজেলাঃ সদর/সিংড়া/নলডাঙ্গা/গুরুদাসপুর/বড়াইগ্রাম/লালপুর/ বাগাতিপাড়া, নাটোর।

**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ব অংশীজনের(Stakeholders) অংশগ্রহণে জুলাই- সেপ্টম্বর/২০২৩(১ম কোয়ার্টার) সভার কার্যবিবরণীঃ**

তারিখ ঃ ১৪-০৯-২০২৩ইং, সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নাটোর এর কার্যালয়।

সভাপতি ঃ জনাব মোহাঃ শহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নাটোর।

সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা ও স্বাক্ষর পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার শুরুতে জাতীয় কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন। ব্যক্তি ও জাতীয় পর্যায়ে আইনের শাসন প্রতিষ্ঠা, দূর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিপালন একটি অপরিহার্য কৌশল। নির্বাহী প্রকৌশলী মহোদয় সভায় অংশগ্রহনকারীদের উদ্দেশ্যে বলেন, মাঠ পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচরীদেরকে তার উপর অর্পিত সকল দায়িত্ব যথাযথ ভাবে পালন করার অনুরোধ জানান। স্কীম অনুমোদন দেয়ার সাথে সাথে দরপত্র আহবান গ্রহন করতে হবে। পরবর্তীতে তিনি সভা কার্যক্রম পরিচালনার জন্য সিনিয়র সহকারী প্রকৌশলী ও সদস্য সচিব জনাব মোঃ শাহনেওয়াজ কে অনুরোধ জানান।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী প্রকৌশলী ও সদস্য সচিব জনাব মোঃ শাহনেওয়াজ জাতীয় শুদ্ধাচার ১.৩ কৌশল পরিকল্পনার সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা করেন। সভায় সাংবাদিক, ঠিকাদার/ প্রতিনিধি ও উপজেলা প্রকৌশলীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। অদ্যকার অংশীজন (Stakeholders) এর অংশগ্রহনের বিষয় ভিত্তিক বিস্তারিত আলোচনা হয়ঃ সভাপতির অনুমতি ক্রমে সদস্য সচিব বলেন জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের(Stakeholders) অংশগ্রহনে অদ্য ১৪/০৯/২০২৩ইং তারিখে সভা আয়োজন করা হয়েছে। তিনি জানান, আজকের সভায় সাংবাদিক, ঠিকাদার/ প্রতিনিধি ও উপজেলা প্রকৌশলীসহ অন্যান্যরা উপস্থিত রয়েছেন।

সভায় উপস্থিত ঠিকাদারবৃন্দের মধ্য হতে জনাব মোঃ মহির উদ্দিন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ব অংশীজনের(Stakeholders) অংশগ্রহনে সভা আয়োজন এক প্রশংসনীয় উদ্দ্যোগ। এতে করে এলজিইডি ও ঠিকাদারের মধ্যে ভূল বোঝাবুঝি দূর হবে এবং সুসম্পর্ক প্রতিষ্ঠিত হবে।

সভায় উপস্থিত উপজেলা প্রকৌশলী, সদর, জনাব বাকী বিল্লাহ বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ব অংশীজনের(Stakeholders) অংশগ্রহনে সভা অংশগ্রহনকারী সকলে পারস্পরিক আলাপ আলোচনারমাধ্যমে প্রতিবন্ধকতা দূর হবে। উন্নয়ন কর্মকান্ডের শতভাগ সুফল পেতে অংশীজনের জবাবদিহিতা নিশ্চিত করতে এ কর্মকান্ড ব্যাপক ভূমিকা রাখবে।

সভায় উপস্থিত সাংবাদিক জনাব মোঃ সুফি সান্টু বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের(Stakeholders) অংশগ্রহনে সভা এলজিইডি'র সাথে সকল প্রতিষ্ঠানের সেতু বন্ধন সৃষ্টিতে এ এক ব্যাতিক্রমি আয়োজন। তিনি কাজের মান নিয়ন্ত্রনে যথাযথ তদারকি/ মনিটরিং এর জন্য অনুরোধ জানান এবং নিম্নমানের কাজের সাথে জড়িত ঠিকাদার ও কর্মকর্তা/ কর্মচারীগণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানান। তিনি আরো জানান, দ্রব্য মূল্য বৃদ্ধিও অজুহাতে কোন ঠিকাদার যেন রাস্তা খুড়ে জনদূর্ভোগ সৃষ্টি না করে সে বিষয়ে সকলকে সচেষ্ট থাকা তথা কাজ ফেলে রাখা ঠিকাদারের বিরুদ্ধে তরিৎ ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান।

মহোদয় উপস্থিত সকলকে অন্যান্য বিষয়ে স্ব-স্ব উপজেলার সাথে আলোচনা করে লক্ষ্যমাত্রা নির্ধারণ করার বিষয়ে পরামর্শ প্রদান করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাঃ শহিদুল ইসলাম)
সভাপতি
জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি
ও
নির্বাহী প্রকৌশলী
এলজিইডি, নাটোর।
মোবাইল নং-০১৭০৮-১২৩২২২
E-mail- xen.natore@lged.gov.bd

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
জেলাঃ নাটোর।
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি

স্মারক নং- ৪৬.০২.৬৯০০.০০০.৯৯.০১৩.২১-২০৮৬/১(১৪) তারিখঃ ১৪/০৯/২০২৩খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী(মানব সম্পদ উন্নয়ন, মান নিয়ন্ত্রন ও পরিবেশ) ও সদস্য সচিব নৈতিকতা কমিটি, এলজিইডি, সদর দপ্তর ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৫। সিনিয়র সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী-১/২ এলজিইডি, নাটোর।
৬। উপজেলা প্রকৌশলী, উপজেলাঃ ----------------------(সকল), জেলাঃ নাটোর।

নির্বাহী প্রকৌশলী
এলজিইডি, নাটোর।

D/UDA LGED/Regulation